৪৬

আজকের কাগজ

তারিখ 2-4 JAN 1995

পৃষ্ঠা ৫ কলাম ২

# নির্ধারিত দিনের আগেই নান্দাইল কলেজে ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠিত

ময়মনসিংহের নান্দাইল শহীদ স্মৃতি আদর্শ কলেজ কেন্দ্রে চলতি ডিগ্রী পরীক্ষা নির্ধারিত দিনের পূর্বেই অনুষ্ঠিত হয়েছে বলে জানা গেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে চলতি ডিগ্রী পরীক্ষার ইংরেজি তৃতীয় পত্রের পরীক্ষা ১৮ জানুয়ারি অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও কর্তৃপক্ষ ১৭ জানুয়ারি পরীক্ষাটি নিয়ে নিয়েছে। সরকারি ছুটির কারণে ১৭ তারিখের পরীক্ষা ১৮ তারিখে সব জায়গায় অনুষ্ঠিত হলেও নান্দাইল কেন্দ্রেই তার ব্যতিক্রম দেখা যায়। ফলে ঐ দিনের পরীক্ষায় উক্ত কেন্দ্র থেকে মোট ৩৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৫ জন অংশ নেয় এবং ১ জন পরীক্ষার্থী পরীক্ষা দিতে ব্যর্থ হয়। এদিকে নির্ধারিত তারিখের আগেই পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ফলে প্রশ্নপত্র অন্যান্য এলাকার পরীক্ষার্থীদের হাতে চলে যায়। এতে এলাকায় ব্যাপক প্রতিক্রিয়া দেখা দেয়। এদিকে এ ঘটনার পর কলেজ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে তারা জানায় যথাসময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের চিঠি বা তারবার্তা না পাবার ফলে এমনটি হয়েছে।

নান্দাইল থেকে কাগজ প্রতিনিধি।